2

তারিখ 05 SEP 1995
পৃষ্ঠা ৩ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

## আলীম পরীক্ষায় ভুয়া প্রবেশপত্র সরবরাহ ॥ উপাধ্যক্ষ গ্রেফতার

কিশোরগঞ্জ সংবাদদাতা ॥ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ভুয়া প্রবেশপত্র সরবরাহ করায় করিমগঞ্জ থানার খাগশী নূরুল উলুম ডিএসসি মাদ্রাসার ১২ জন আলীম পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে নাই। এদিকে জালিয়াতির মাধ্যমে পরীক্ষার ফি আত্মসাতের অভিযোগে মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ মাদ্রাসার উপাধ্যক্ষকে লালবাগ থানা পুলিশের হাতে সোপর্দ করিয়াছে।

অভিযোগে প্রকাশ, উক্ত

(৪র্থ পৃঃ দ্রঃ)

## আলীম পরীক্ষায়

(৩য় পৃঃ পর)

মাদ্রাসার ১২জন আলীম পরীক্ষার্থী যথারীতি পরীক্ষার ফিস প্রদান করিয়া ফরম পূরণ করে। পরে মাদ্রাসা কর্তৃপক্ষ বোর্ডে উক্ত টাকা জমা না দিয়া পরীক্ষার্থীদের ভুয়া প্রবেশপত্র সরবরাহ করে। গত ৬ই আগষ্ট মাদ্রাসা বোর্ডের উপ-রেজিষ্ট্রার (কমন) মোঃ আঃ মালেক পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে গেলে বিষয়টি তাহার গোচরীভূত হয়।

পরদিন উপাধ্যক্ষ মোঃ আঃ কুদ্দুস মাদ্রাসা বোর্ড অফিসে তদবির করিতে গেলে তাহাকে পুলিশের হাতে সোপর্দ করা হয়। অভিযুক্ত অন্যান্য ব্যক্তি বর্তমানে গা ঢাকা দিয়াছে।